6

দৈনিক সংবাদ

11 APR 1997
পৃঃ ৭ কলাম ৫

এসএসসি পরীক্ষা

# দেলদুয়ারে ইংরেজি পরীক্ষার প্রশ্নপত্র ছিল কম

টাঙ্গাইল, ১০ই এপ্রিল (নিজস্ব সংবাদদাতা)।– আজ দেলদুয়ার থানা সদর এসএসসি পরীক্ষা কেন্দ্রে নির্ধারিত সময়ের সোয়া দুই ঘন্টা পর ইংরেজি দ্বিতীয় পত্রের পরীক্ষা শুরু হয়। পরীক্ষার অবজেকটিভ অংশের এক হাজার প্রশ্নপত্র কম থাকায় এ অবস্থা হয়।

দেলদুয়ার এসএসসি পরীক্ষা কেন্দ্রের দায়িত্বে নিয়োজিত একটি সূত্র জানান, সকালে প্রশ্নপত্র বিতরণের সময় দেখা যায় অবজেকটিভ অংশের এক হাজার প্রশ্নপত্র কম, কেন্দ্র সচিব বোর্ড থেকে প্রশ্ন আনার সময় অনবধানতাবশত এক হাজার প্রশ্নপত্র কম আনেন; কিন্তু বিষয়টি তিনি জানতেন না।

পরীক্ষা নিয়ন্ত্রক আবদুল লতিফ বোর্ড থেকে এক হাজার অবজেকটিভ প্রশ্ন নিয়ে নিজে দেলদুয়ার আসার পর অপরাহ্ণ সোয়া ২টা থেকে অবজেকটিভ অংশের পরীক্ষা নেয়া হয়।